প্রথম আলো
তারিখ 08 DEC 2006
পৃষ্ঠা ৩ কলাম ৪

সিসিমপুর ও পেপসোডেন্ট

# ৯০ লাখ শিশুর কাছে শিক্ষামূলক বার্তা পৌঁছানোর প্রত্যয়

**নিজস্ব প্রতিবেদক**

বিনোদনের মাধ্যমে ৯০ লাখ শিশুর কাছে শিক্ষামূলক বার্তা পৌঁছে দিতে সিসিমপুরের সঙ্গে যুক্ত হয়েছে ইউনিলিভার বাংলাদেশ। শিশুদের কাছে অত্যন্ত আকর্ষণীয় এ টেলিভিশন অনুষ্ঠানের মাধ্যমে তিন থেকে ছয় বছরের শিশুদের প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যাসহ অনেক বিষয়ে শিক্ষা দেওয়া হয়।

গতকাল বৃহস্পতিবার রাজধানীর একটি হোটেলে আনুষ্ঠানিকভাবে এ ঘোষণা দেওয়া হয়। অনুষ্ঠানে জানানো হয়, ইউনিলিভারের অন্যতম প্রধান পণ্য পেপসোডেন্টের সৌজন্যে এখন থেকে বিটিভিতে সিসিমপুর প্রচারিত হবে। এ অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের সঙ্গে সিসিমপুরের জনপ্রিয় চরিত্র 'হালুম' ও টুকটুকির পরিচয় করিয়ে দেওয়া হয়।

সিসিমপুরের প্রকল্প প্রধান সারা যাকের জানান, এ অনুষ্ঠানের মাধ্যমে তাঁরা হাত ধোয়া, দাঁত মাজা, দাঁতের ডাক্তার দেখানো ইত্যাদি বিষয়ে শিশুদের মধ্যে সচেতনতা সৃষ্টি করছেন। এর পাশাপাশি সরকারি প্রাথমিক বিদ্যালয়, অনানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়, এনজিও, শিশু সংঘসহ বিভিন্ন প্রতিষ্ঠানে সিসিমপুরের পক্ষ থেকে বিভিন্ন উপকরণ সরবরাহ করা হবে।

ইউনিলিভার বাংলাদেশের ব্র্যান্ডস অ্যান্ড ডেভেলপমেন্ট পরিচালক নওশাদ চৌধুরী বলেন, প্রাতিষ্ঠানিক সামাজিক দায়বদ্ধতা হিসেবে এমন একটি শিশুতোষ অনুষ্ঠানের অংশীদার হতে পেরে ইউনিলিভার গর্বিত বোধ করছে।

অনুষ্ঠানের শেষে সিসিমপুরের একটি পর্ব প্রদর্শন করা হয়। বাংলাদেশ টেলিভিশনে প্রতি শুক্রবার সকাল ৯টা ৫ মিনিটে এবং শনিবার, সোমবার ও বুধবার দুপুর ২টা ৫ মিনিটে সিসিমপুর অনুষ্ঠানটি প্রচার করা হয়।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ইউএসএআইডির মিশন ডিরেক্টর জিন জর্জ, সিসিমপুরের সৃজনশীল পরামর্শক মুস্তাফা মনোয়ার, বিটিভির মহাব্যবস্থাপক কামরুননেসা হাসান, ইউনিলিভার বাংলাদেশের বিপণন ব্যবস্থাপক সৌমেন্দ্র সংকর দাস, এশিয়াটিক বাংলাদেশ লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা আলী যাকের, উপ-মহাব্যবস্থাপক আসাদুজ্জামান নূর প্রমুখ উপস্থিত ছিলেন।